<u>একই নম্বর ও স্মারকে জারিকৃত পত্রের স্থলাভিষিক্ত</u>

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪ (মতামত-১).১৯-৪৫৭ তারিখঃ ২৭ ভাদ্র ১৪২৬ / ১১ সেপ্টেম্বর ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলার ২৬.১১.২০১৮ খ্রি. তারিখের রায় অনুযায়ী হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলাধীন চলিতার আব্দা আফছার তালুকদার মহিলা দাখিল মাদ্রাসার ০৪ (চার) জন শিক্ষক/কর্মচারীর স্থগিতকৃত বেতন ভাতাদি চালুকরণসহ ০১.০৬.১২ তারিখ হতে বেকয়া বেতন ভাতাদি (এমপিও) পরিশোধের বিষয়ে নির্দেশনা।

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৭-৯৮ তারিখ: ০৩.০৪.১৯ খ্রি.।
(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-৯এ/০৭/অডিট/২০১২/২১৭/৮ তারিখ: ০৮.০৪.১২ খ্রি.।
(৩) TMED এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪ (মতামত-১).১৯-৪৩৮ তারিখ: ০১.০৭.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের পরিপ্রেক্ষিতে জানানো যে, হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলাধীন চলিতার আব্দা আফছার তালুকদার মহিলা দাখিল মাদ্রাসার ০৪ (চার) জন শিক্ষক/কর্মচারী যথাক্রমে ইবতেদায়ী ক্বারী শিক্ষক শেখ জাহানারা বেগম (ইনডেক্স নং-২০২৬২০৮), দপ্তরী (নৈশ প্রহরী) জনাব মো: ছিদ্দিক আলী (ইনডেক্স নং-২০২৬২০৯), দপ্তরী জনাব আমিনা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১০) এবং দপ্তরী (আয়া) জনাব তাহেরা খাতুন (ইনডেক্স নং-২০২৯৮১২) এর বেতন ভাতার সরকারি অংশ (এমপিও) সূত্র (২) মূলে স্থগিত করা হয়। যা ০১.০৬.২০১২ খ্রি. তারিখ হতে কার্যকর মর্মে সূত্র (১) মুলে উল্লেখ করা হয়।

০২। উক্ত পত্রের আদেশকে চ্যালেঞ্জ করে বর্ণিত প্রতিষ্ঠানের দপ্তরি জনাব আমিনা খাতুন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ দায়ের করা হয়। উক্ত রিট মামলার গত ১৩.০১.২০১৫ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক নিম্নরুপ রায়/আদেশ প্রদান করা হয়:

Accordingly, the Rule is made absolute.The impugned memo no. 9A/07/audit/2012/217/8 dated 08.04.12 regarding stoppage of the Government Portion of the salaries and allowances so far as it relates to the petitioner issued under signature of the Respondent Nos. 3 and 4 (Annexure-F)) to the writ petition is declared to have been made without lawful and is of no legal effects.

The respondents are directed to release the Monthly pay order (MPO) and give the same to the petitioner with all arrears and benefits to which she is entitled to within sixty (60) days from the date of receipt of a copy of this judgment and order.

০৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৩২৪০/২০১৬ মামলা দায়ের করা হয়। উক্ত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল মামলায় জনাব আমিনা খাতুন গং রেসপনডেন্ট ছিলেন । মহামান্য আপীল বিভাগ কর্তৃক গত ২৬.১১.২০১৮ খ্রি. তারিখে নিম্নরুপ আদেশ প্রদান করা হয়:

The leave petition is out of time by 634 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation.

০৪। যেহেতু মহামান্য সুপ্রীমকোর্টের রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলার রায় এবং সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৩২৪০/২০১৬ মামলার আদেশে আমিনা খাতুন গং রেসপনডেন্ট (বর্ণিত ০৪ জন শিক্ষক/কর্মচারী) এর অনুকূলে হয়েছে সেহেতু তাঁদের বেতন ভাতাদি স্থগিতাদেশ প্রত্যাহারক্রমে বকেয়াসহ বেতন ভাতাদি চালু করা আবশ্যক।

০৫। উল্লেখ্য, বর্ণিত প্রতিষ্ঠানের দপ্তরী জনাব আমেনা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১০) রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলায় একক পিটিশনার হলেও উক্ত রিট মামলায় গত ১৩.০১.১৫ খ্রি. তারিখের রায়ে মাউশি অধিদপ্তর কর্তৃক সূত্র (২) মূলে জারিকৃত পত্রটি (৯এ/০৭/অডিট/২০১২/২১৭/৮) অবৈধ ঘোষণা করা হয়েছে।

০৬। এখানে আরো উল্লেখ্য যে, মহামান্য আদালত কর্তৃক অবৈধ ঘোষিত মাউশির উক্ত পত্রের মাধ্যমে পিটিশনারসহ উক্ত মাদরাসার অপর ০৩ জন শিক্ষক/কর্মচারীরও এমপিও স্থগিত করা হয়েছিল বিধায় উক্ত মামলায় ঘোষিত রায় অনুযায়ী পিটিশনার আমেনা খাতুনসহ অপর ০৩ শিক্ষক/কর্মচারীও প্রদত্ত রায়ের আইনগত সুবিধা (Legal Benefit) প্রাপ্য হবেন মর্মে প্রতীয়মান হয়।

০৭। তাছাড়া রিট মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৩২৪০/২০১৬ মামলায় রেসপন্ডেন্ট হিসেবে Amina Khatun and others উল্লেখ রয়েছে অর্থাৎ আমিনা খাতুন এবং অপর ০৩ জন শিক্ষক/কর্মচারীও রেসপন্ডেন্ট হিসেবে সিভিল আপিল মামলায় অন্তর্ভুক্ত বিধায় রিট মামলা এবং সিভিল আপিল মামলায় ঘোষিত রায়ের আইনগত সুবিধা (Legal Benefit) আমিনা খাতুন এবং অপর ০৩ জন শিক্ষক/কর্মচারীও প্রাপ্য হবেন মর্মে স্পষ্ট হয় ।

চলমান পৃষ্ঠা

০৮। যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ে সুস্পষ্টভাবে বকেয়াসহ বেতন ভাতা (এমপিও) ছাড়করণের নির্দেশনা রয়েছে এবং যেহেতু সরকার পক্ষে মাউশি কর্তৃক দায়েরকৃত সিপিএলএ (Civil Petition for Leave to Appeal) মামলাটি (মামলা নং-৩২৪০/১৬) সময় তামাদির কারণে খারিজ হয়ে গেছে সেহেতু দপ্তরি আমিনা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১০), ইবতেদায়ী ক্বারী শিক্ষক শেখ জাহানারা বেগম (ইনডেক্স নং-২০২৬২০৮), দপ্তরী (নৈশ প্রহরী) জনাব মো: ছিদ্দিক আলী (ইনডেক্স নং-২০২৬২০৯) এবং দপ্তরী (আয়া) জনাব তাহেরা খাতুন (ইনডেক্স নং-২০২৯৮১২) অর্থাৎ উক্ত ০৪ জন শিক্ষক-কর্মচারীর নাম (মহামান্য আদালতের নির্দেশনা মতে) ০১.০৬.২০১২ খ্রি. তারিখ হতে এমপিওভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। এক্ষণে, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে:

ক. রিট পিটিশন নং-৯২৩৯/২০১২ মামলার ১৩.০১.২০১৫ খ্রি. তারিখের রায়/নির্দেশনা(মহামান্য আপীল বিভাগে দায়েরকৃত লীভ টু আপীল খারিজ হওয়ায়) হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলাধীন চলিতার আব্দা আফছার তালুকদার মহিলা দাখিল মাদ্রাসার ইবতেদায়ী ক্বারী শিক্ষক শেখ জাহানারা বেগম (ইনডেক্স নং-২০২৬২০৮), দপ্তরী (নৈশ প্রহরী) জনাব মো: ছিদ্দিক আলী (ইনডেক্স নং-২০২৬২০৯),দপ্তরী জনাব আমিনা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১০) এবং দপ্তরী (আয়া) জনাব তাহেরা খাতুন (ইনডেক্স নং-২০২৯৮১২) এর নাম এমপিওভূক্তিক্রমে মহামান্য আদালতের নির্দেশনা মতে ০১.০৬.২০১২ হতে বকেয়া বেতন ভাতা (এমপিও) প্রদান।

খ. পূর্বের এরূপ ত্রুটির পুনরাবৃত্তি রোধকল্পে প্রতিটি রিট মামলার (বর্তমানে চলমান এবং ভবিষ্যতে দায়ের হওয়া) বিষয়ে যথাযথ মনিটরিংসহ যথাসময়ে প্রয়োজনীয় (তামাদিজনিত সমস্যা এড়িয়ে জবাব দাখিল/আপিল দায়েরসহ অন্যান্য) আইনগত পদক্ষেপ গ্রহণ নিশ্চিতকরণ।

১০। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে নির্দেশনা বাস্তবায়ন করে বাস্তবায়ন প্রতিবেদন আবশ্যিকভাবে আগামী ১১.১১.১৯ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

২৭/১০/১৯
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
৬। সুপার, চলিতার আব্দা আফছার তালুকদার মহিলা দাখিল মাদরাসা, চুনারুঘাট, হবিগঞ্জ।
৭। জনাব আমিনা খাতুন (ইনডেক্স নং-২০২৬২১০), দপ্তরী, চলিতার আব্দা আফছার তালুকদার মহিলা দাখিল মাদরাসা, চুনারুঘাট, হবিগঞ্জ।
৮। অফিস কপি/মাস্টার কপি।